

🔳 আল-কাসাস | Al-Qasas | ٱلْقَصيَص

আয়াতঃ ২৮ : ৩১

া আরবি মূল আয়াত:

وَ أَن اَلَقِ عَصَاكَ آ فَلَمَّا رَأَهَا تَهَتَزُّ كَأَنَّهَا جَآنٌ وَّلَى مُدبِرًا وَّ لَم يُعَقِّب اللهِ يَمُوسِي اَقبِل وَ لَا تَخَف إِنَّكَ مِنَ الأمنِينَ ﴿٣٦﴾

'আর তুমি তোমার লাঠি ফেলে দাও'। অতঃপর যখন সে ওটাকে দেখল, সাপের মত ছুটাছুটি করছে, তখন সে পিছনের দিকে ছুটল এবং ফিরেও তাকাল না। (বলা হল) 'হে মূসা, সামনে যাও এবং ভয় পেয়ো না, নিশ্চয় তুমি নিরাপদ'। — আল-বায়ান

আর (বলা হল) 'তোমার লাঠি নিক্ষেপ কর।' অতঃপর যখন সে সেটাকে দেখল ছুটাছুটি করতে যেন ওটা একটা সাপ, তখন পেছনের দিকে দৌড় দিল, ফিরেও তাকাল না। (তখন তাকে বলা হল) 'ওহে মূসা! সামনে এসো, ভয় করো না, তুমি নিরাপদ।' — তাইসিক্ল

আরও বলা হলঃ তুমি তোমার লাঠি নিক্ষেপ কর। অতঃপর যখন সে ওটাকে সর্পের ন্যায় ছুটাছুটি করতে দেখল তখন পিছনের দিকে ছুটতে লাগল এবং ফিরে তাকালোনা। তাকে বলা হলঃ হে মূসা! সামনে এসো, ভয় করনা, তুমিতো নিরাপদ। — মুজিবুর রহমান

And [he was told], "Throw down your staff." But when he saw it writhing as if it was a snake, he turned in flight and did not return. [Allah said], "O Moses, approach and fear not. Indeed, you are of the secure. — Sahih International

৩১. আরও বলা হল, আপনি আপনার লাঠি নিক্ষেপ করুন। তারপর, তিনি যখন সেটাকে সাপের ন্যায় ছুটোছুটি করতে দেখলেন তখন পিছনের দিকে ছুটিতে লাগলেন এবং ফিরে তাকালেন না। তাকে বলা হল, হে মূসা! সামনে আসুন, ভয় করবেন না; আপনি তো নিরাপদ।

তাফসীরে জাকারিয়া

(৩১) তুমি তোমার লাঠি নিক্ষেপ কর। অতঃপর যখন সে একে সাপের মত ছুটাছুটি করতে দেখল, তখন পিছনে না তাকিয়ে সে বিপরীত দিকে ছুটতে লাগল। (তাকে বলা হল,) 'হে মূসা! অগ্রসর হও, ভয় করো না; নিশ্চয়ই তুমি নিরাপদে রয়েছ। [1]



[1] এটি সেই মু'জিয়া যা মূসা (আঃ) নবুওত প্রাপ্তির পর প্রাপ্ত হয়েছিলেন। যেহেতু মু'জিয়া অস্বাভাবিক জিনিসকে বলা হয়, যা স্বাভাবিকতার বিপরীত ও কর্মকারণশূন্য। আর যেহেতু এসব জিনিস (মু'জিয়া) কেবল আল্লাহর ইচ্ছা ও আদেশক্রমেই প্রকাশ পায়; কোন মানুষের এখতিয়ারভুক্ত নয় -- যদিও হোক সে কোন মহান পয়গম্বর ও নৈকট্যপ্রাপ্ত নবী -- সেহেতু মূসা (আঃ)-এর হাতের লাঠি মাটিতে ফেলে দেওয়ার পর একটি জীবন্ত সাপ হয়ে গেল তখন তিনি ভয় পেয়ে গেলেন। আবার যখন আল্লাহ তার প্রকৃতত্ত্বের কথা জানিয়ে অভয় দান করলেন, তখন তাঁর ভয় দূর হল এবং তাঁর নিকট এ কথা স্পষ্ট হল যে, মহান আল্লাহ তাঁর সত্যতার প্রমাণস্বরূপ এই মু'জিয়া দান করেছেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3283

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন